

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়  
www.shed.gov.bd

নং- শিম/শা:১৮/বে:রো:বি:-১/২০০৮/ ৯৬

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ  
১০ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ


প্রজ্ঞাপন

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এর অনুমোদনক্রমে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর আইন, ২০০৯ এর ধারা ১৩ (১) অনুযায়ী অধ্যাপক মো: হাসিবুর রশীদ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর -এর ট্রেজারার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো:

- (ক) ট্রেজারার হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে, তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে এর পূর্বেই এ নিয়োগ বাতিল করতে পারবেন;
- (খ) তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন;
- (গ) বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর আইন, ২০০৯ এর ধারা ১৩ অনুযায়ী তিনি তাঁর দায়িত্ব পালন করবেন;
- (ঘ) তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(নীলিমা আফরোজ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭২১৮৫

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।


(প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)

নং- শিম/শা:১৮/বে:রো:বি:-১/২০০৮/ ৯৬/১

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ  
১০ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. ভাইস চ্যান্সেলর, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
৯. অধ্যাপক মো: হাসিবুর রশীদ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. পি.আই.ডি. তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
১৬. সিনিয়র তথ্য অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

  
(নীলিমা আফরোজ)  
সিনিয়র সহকারী সচিব